

# সি.এ.এ.এ.ভি
# ২০২০ ভোটার গাইড

# আমরা কে

সি.এ.এ.এ.ভি. নিউ ইয়েক’ সিটিতে বসবাসকারী ও শ্রমজীবি শ্রেণীর এশিয়ান অভিবাসীদের ক্ষমতায়নের লক্ষে কাজ করে। ১৯৮৬ সালে শ্রমজীবি শ্রেণীর এশিয়ান নারীগণ প্রতিষ্ঠানটির গোড়াপওন করেছিলেন।যে সব নীতিমালা এবং প্রতিষ্ঠান তাদের জীবন এবংজীবিকাকে প্রভাবিত করে সেগুলির উপর প্রভাব বিস্তারের লক্ষে এবং জাতিগত ও অথ’নৈতিক ন্যায় বিচার প্রতিষ্ঠান জন্য বৃহত্তর পরিসরে আন্দোলনে অংশগ্রহনের জন্য সি.এ.এ.এ.ভি. এটির সদস্যদের নেতৃত্বের বিকাশ সাধনে কাজ করে।

`



# ভোট

নির্বাচনের দিনে ভোট দিন।
মঙ্গলবার, নভেম্বর ৩, ২০২০

আগাম ভোট প্রদান
শনিবার, অক্টোবর ২৪, ২০২০ থেকে
রবিবার, নভেম্বর ১, ২০২০
ভোট প্রদানের স্থানের ভিত্তিতে ভিন্ন ভিন্ন সময়ে।

সি.এ.এ.এ.ভি.-এর সদস্যদের নিচে উল্লেখিত আগাম ভোট প্রদানের স্থানগুলিতে দায়িত্ব প্রদান করা হতে পারেঃ

- চায়না টাউন
  জে.এইচ.এস. ৫৬
  ২২০ হেনরি স্ট্রিট ১০০০২
- কুইন্সব্রীজ হাউজেস
  লাগুয়ারডিয়া কমিউনিটি কলেজ
  ৩১-১০ থমসন এভিনিউ ১১১০১
- মিউজিয়াম অব মুভিং ইমেজ
  ৩৬-১০ ৩৫ এভিনিউ ১১১০৬

ডাকযোগে ভোট প্রদান

এ্যাবসেন্টী ব্যালটের জন্য অনুরোধ জানাবার সময়সীমা
মঙ্গলবার, অক্টোবর ২১, ২০২০

ডাকযোগে ভোট প্রদানের ক্ষেত্রে পোষ্টমার্ক পাবার শেষ তারিখ নভেম্বর ৩, ২০২০।

# অফিস

প্রেসিডেন্ট হচ্ছেন এই দেশের প্রধান নির্বাহী, যাঁকে অনেকগুলি ক্ষমতা প্রদান করা হয়েছে। এগুলির মধ্যে রয়েছে প্রস্তাবকে আইনে পরিনত করার জন্য স্বাক্ষর দান, প্রনীত আইনসমূহে ভেটো প্রদান করা, কেন্দ্রীয় সরকারের বিচারক এবং নির্বাহী বিভাগসমূহের প্রধানগণকে নিয়োগ দেওয়া, নির্বাহী আদেশ জারি করা, এবং পররাষ্ট্র নীতি পরিচালনা করা। এই পদে প্রতি ৪ বছর পর পর পুনঃনির্বাচন করা হয় এবং বৈশ্বিকভাবে বিষয়গুলির সুরাহা করা হয়।

# প্রার্থী

জো বাইডেন জুনিয়র
ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি, ডেমেক্র্যাট
মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পদপ্রার্থী

রানিং মেট
কামালা ডি. হ্যারিস

অভিজ্ঞতা
মার্কিন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট (২০০৯ - ২০১৭)
মার্কিন সিনেটের সিনেটর - ডেলাওয়ার (১৯৭৩ - ২০০৯)
কাউন্সিল মেম্বার, নিউ ক্যাসল কাউন্টি কাউন্সিল (১৯৭০ - ১৯৭২)

শিক্ষা
জে.ডি. সিরাকাস ইউনিভার্সিটি (১৯৬৮)
ব্যাচেলর, ইউনিভার্সিটি অব ডেলাওয়ার
ইতিহাস এবং রাস্ট্রবিঞ্জান (১৯৬৫)

ডোনাল্ড জে. ট্রাম্প
রিপাবলিকান, কনজারভেটিভ পার্টি
মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেনট পদপ্রার্থী

রানিং মেট
মাইক আর. পেন্স

অভিজ্ঞতা
মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট (২০১৭ - বর্তমান সময় পর্যন্ত)
প্রেসিডেন্ট, দি ট্রাম্প অর্গানাইজেশন (১৯৭১ - ২০১৬)

শিক্ষা
ব্যাচেলর, ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া
অর্থনীতি

আমরা কোন প্রার্থীকে সমর্থন দিয়ে কথা বলছি না। এই ডকুমেন্টটি শুধুমাত্র শিক্ষাদানের ক্ষেত্রে ব্যবহারের জন্য প্রণয়ন করা হয়েছে।

আমরা কোন প্রার্থীর সমর্থনে এই তথ্যগুলি পরিবেশন করছি না। এই সব তথ্য শুধুমাত্র শিক্ষামূলক উদ্দেশ্যে দেওয়া হয়েছে এবং প্রতিটি তথ্য সরাসরি সংশ্লিষ্ট প্রচারনা দপ্তর থেকে পাওয়া।

## আবাসন

### জো বাইডেন জুনিয়র

- দশ বছরেরও বেশী সময় ধরে ৬৪০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের পরিকল্পনার কথা বলা হয়েছে যাতে করে আমেরিকার প্রতিটি নাগরিকের সাশ্রয়ী, স্থিতিশীল, নিরাপদ, স্বাস্থ্যসম্মত, সুলভ, বিদ্যুৎ সাশ্রয়ী এবং স্থিতিস্থাপকতা থাকে, ভালো মানের স্কুলের কাছাকাছি সেগুলি তৈরী করা যায় এবং কর্মস্থলে যাতায়তের যুক্তিসঙ্গত সুব্যবস্থা রাখা আবাসন সুবিধা পায়।
- প্রতিটি যোগ্য পরিবারকে সেকশন-৮ হাউজিং ভাউচার প্রদান করা যাতে করে কাউকেই তাদের আয়ের ৩০ শতাংশের বেশী পরিমান অর্থ বাড়ি ভাড়ার জন ব্যায় করতে না হয়।
- সাশ্রয়ী আবাসন নির্মাণ এবং আধুনিকায়নের জন্য ১০০ বিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী গৃহনির্মান তলবিল গঠন করা।

### ডোনাল্ড জে. ট্রাম্প

- ২০১৮ সালের এপ্রিল মাসকে জাতীয় ফেয়ার হাউজিং মাস হিসাবে ঘোষণা দেওয়া।
- ওবামা প্রশাসনের সম্পতিসূচক ফেয়ার হাউজিং (এ.এফ.এফ.এইচ) বিধি বাতিল করে দেওয়া।
- সামরিক পরিবারকে সহায়তা দেওয়ার বিষয়ে প্রেসিডেন্টের প্রতিশ্রুতি পূরণ করে সামরিক আবাসন বেসরকারীকরণ উদ্যোগের ভাড়াটে বিল অধিকারে স্বাক্ষর প্রদান।

## কর্মসংস্থান

### জো বাইডেন জুনিয়র

- কোভিড দূর্যোগের কারণে কর্মহীন হয়ে পড়া মানুষদের সহায়তা প্রদানের জন্য কোভিড দূর্যোগ-জনিত বেকারত্ব ইনস্যুরেন্স বাড়ানো।
- মহামারী রুখতে অবিলম্বে পাবলিক হেলথ জবস্ করপোরেশনের মাধ্যমে লোকজনের তালিকা তৈরী করে তাদের কর্মসংস্থানের জন্য কাজ করা।
- আমেরিকার ভবিষ্যৎ আমেরিকাতেই তৈরী করা এবং পুরো আমেরিকার সবার জন্য এই বিষয়টি নিশ্চিত করার জন্য আমেরিকার নির্মান প্রতিষ্ঠান এবং উদ্ভাবনকারী প্রতিষ্ঠানগুলিকে সক্রিয় করে তোলা।
- কর্পোরেশনগুলির জন্য কিছু কিছু কর-রেয়াতীর সংস্কার সাধন এবং ধনী আমেরিকানদের উপর কর-আরোপ করা।

### ডোনাল্ড জে. ট্রাম্প

- কর হ্রাস ও চাকুরী আইন পাশ করার মাধ্যমে কর ছাড় এবং ত্রান প্রদান নিশ্চিত করার জন্য কর্পোরেট ট্যাক্সের হার ৩৫% থেকে কমিয়ে ২১% নামানো হয়েছে।
- ৫০০-টিরও বেশী সংস্থার করের বোঝা দূর করা হয়েছে যাতে করে তারা এই তহবিলের সঞ্চয় থেকে পাওয়া অর্থ দিয়ে ৪.৮ মিলিয়ন শ্রমিকের বোনাস প্রদান এবং মজুরি বাড়াতে পারে।

আমরা কোন প্রার্থীর সমর্থনে এই তথ্যগুলি পরিবেশন করছি না। এই সব তথ্য শুধুমাত্র শিক্ষামূলক উদ্দেশ্যে দেওয়া হয়েছে এবং প্রতিটি তথ্য সরাসরি সংশ্লিষ্ট প্রচারনা দপ্তর থেকে পাওয়া।

| | জো বাইডেন জুনিয়র | ডোনাল্ড জে. ট্রাম্প |
|---|---|---|
| **শিক্ষা** | • আমাদের স্কুলগুলির জন্য সম্পদ তৈরীতে বিনিয়োগ করা যাতে করে ছাত্রছাত্রীরা শারীরিক এবং মানসিকভাবে সুস্বাস্থ্য সম্পন্ন পূর্ণবয়স্ক মানুষে রূপান্তরিত হতে পারে এবং শিক্ষকগণ শিক্ষাদানে মনযোগ নিবদ্ধ রাখতে পারে। | • প্রস্তাবিত বাজেটে বেসরকারী এবং বৃত্তিমূলক স্কুলগুলিতে বৃত্তির জন্য অনুদানের ক্ষেত্রে ৫ বিলিয়ন ডলার ফেডারেল ট্যাক্স ক্রেডিট সহ স্কুল বাছাই করার কাজটিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। |
| **অভিবাসন** | • তাৎক্ষনিকভাবে ট্রাম্পের প্রবর্তিত আইনগুলি রহিত করা যা দিয়ে সীমান্ত এলাকায় অভিবাসন প্রত্যাশী পিতামাতাদের তাদের সন্তানদের থেকে আলাদা করে রাখা হয়েছে।<br>• দীর্ঘ মেয়াদে আটক রাখার বিধানের সমাপ্তি টানা এবং কেস ব্যবস্থাপনা খাতে নতুন করে বিনিয়োগ করা<br>• নাগরিকত্বের রোডম্যাপের সমর্থনে আইনী প্রচারনা চালানো | • দক্ষিণ সিমান্তে একটি প্রাচীর নির্মানের সম্পূর্ণ অর্থ যোগান দেওয়া, এবং ভিসা লটারী কর্মসূচী বাতিল করার জন্য কংগ্রেসের প্রতি আহবান জানানো হয়েছিলো<br>• অনিবন্ধিত অভিবাসীদেরকে বহিষ্কার করা বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে<br>• সীমান্ত সুরক্ষা সংক্রান্ত বিশেষ ক্ষমতা বৃদ্ধির জন্য অনুমতি দিয়ে একটি জাতীয় জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছে। |
| **কোভিড-১৯** | • ব্যাপক পরিসরে বিনামূল্যে কোভিড পরীক্ষার প্রাপ্যতা নিশ্চিত করা, কোভিড-১৯ এর জন্য<br>• প্রতিরোধমূলক সেবা এবং চিকিৎসার সমস্ত ব্যয় সংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করা; একটি কার্যকরী ভ্যাকসিনের উন্নয়ন সাধন করা এবং প্রয়োজনী সকল সামগ্রী, কর্মী এবং পূর্ণ সুযোগ সুবিধার ব্যবস্থা করা এবং তা পরিচালনা করা। | • কোভিড-১৯ মহামারীর প্রকোপ কমানোর জন্য মার্কিন-মেক্সিকো সীমান্ত জুড়ে একান্ত প্রয়োজনীয় নয় এমন সব ধরণের ভ্রমণের উপর কড়াকড়ি আরোপ। |



## প্রয়োজনীয় সংস্থান সমূহ

আবাসন | HOUSING

- joebiden.com/housing
- promiseskept.com/search/eyJrZXl3b3JkcyI6ImhvdXNpbmcifQ
- whitehouse.gov/briefings-statements/president-donald-j-trump-protectingsuburbspreserving-american-dream-americans

শিক্ষা | EDUCATION

- joebiden.com/education
- promiseskept.com/achievement/overview/education

কর্মসংস্থান | JOBS

- joebiden.com/build-back-better
- promiseskept.com/achievement/overview/economy-and-jobs

অভিবাসন | IMMIGRATION

- joebiden.com/immigration
- promiseskept.com/achievement/overview/immigration

কোভিড-১৯ | COVID-19

- joebiden.com/covid-plan
- promiseskept.com/search/eyJrZXl3b3JkcyI6ImNvdmlkLTE5In0#